গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৬৫ তারিখ: ০৯ মে ২০১৮

**বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন আইডিয়া সারা দেশব্যাপী বাস্তবায়ন।**

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ০৫/০৪/২০১৮ তারিখের ১৩.০০.০০০০.০৪৪.৩২.০০৬.১৭.১০৮নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৫/০৩/২০১৮ তারিখে জনাব শাহাবুদ্দিন আহমদ, সচিব (ভারপ্রাপ্ত) এর সভাপতিত্বে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের মাধ্যমে সকল জেলা ও উপজেলায় আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | আইডিয়া | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | গৃহিত পদক্ষেপ |
|---|---|---|---|---|
| ০১। | ১। প্রকৃত কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ। | আইডিয়াটি সারাদেশের সকল জেলা ও উপজেলায় চালুর বিষয়ে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | সকল জেলা ও উপজেলা কার্যালয় | চলতি ব্যুরো মৌসুমে আইডিয়াটি সারাদেশের সকল জেলা ও উপজেলায় বাস্তবায়নের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০২। | ২।ব্যবসায়ীদের লাইসেন্সের আওতায় নিয়ে আসা। | আইডিয়াটি সারাদেশের সকল জেলা ও উপজেলায় চালুর বিষয়ে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | | সববি বিভাগের ১৫/১০/২০১৭ তারিখের ৭৫৬নং স্মারকমূলে বিতরণকৃত পুস্তিকার আলোকে আইডিয়াটি ঢাকা রেশনিং, সকল জেলা ও উপজেলায় বাস্তবায়নের জন্য প্রধান রেশনিং কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। |
| ০৩। | ৮। মিলারদের তালিকার ডাটাবেজ তৈরিকরণ | সকল জেলা উপজেলার মিলারদের তালিকা তৈরি করা আছে বিধায় এটি নতুন কোন উদ্ভাবনী নয় তাই সকল জেলা উপজেলার মিলারদের তালিকা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শণের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | সকল জেলা, উপজেলা ও সংগ্রহ বিভাগ | সকল জেলা কার্যালয় মিলারদের তালিকা নিজ নিজ ওয়েব সাইটে প্রকাশ করবেন এবং খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য সফটকপি ই-মেইল এর মাধ্যমে (**sys@dgfood.gov.bd** এবং **soft@dgfood.gov.bd**) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে পরিচালক, সংগ্রহ বিভাগকে প্রয়োজনীয় তদারকি করার জন্য অনুরোধ করা হলো। |

উপরোক্ত ১, ২ ও ৩নং আইডিয়া বাস্তবায়নের প্রতিবেদন প্রতিমাসের প্রথম সপ্তাহে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্যও সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।

সংযুক্তঃ .............. পাতা।

(চিত্ত রঞ্জন বেপারী)
পরিচালক
ফোনঃ ০২-৪৭১১০৬৯৮
dmss@dgfood.gov.bd

প্রাপকঃ

১-৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট।
(সকল জেলা, উপজেলা দপ্তর সমূহে ত্বরিত প্রেরণ পূর্বক বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবেন।)

৮। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৬৫/৯(১০) তারিখ: ০৯ মে ২০১৮

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি-**

০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
০৩। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম, তেজগাঁও, ঢাকা।
০৪। যুগ্মসচিব (প্রশাসন-১), খাদ্য মন্ত্রণালয় ও প্রধান ইনোভেশন অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মোছাঃ শিরিন সবনম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
০৬। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
[বার্তাটি সকল আখানি দপ্তরে জরুরী ফ্যাক্সযোগে প্রেরণের অনুরোধসহ।]
০৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ..........................................................
০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ...............................................
০৯। মাস্টার কপি।
১০। অফিস কপি।

(চিত্ত রঞ্জন বেপারী)
পরিচালক

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বৈদেশিক সংগ্রহ শাখা

**খাদ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭-২০১৮ অর্থবছরের ৭ম সভার কার্যবিবরণী:**

সভাপতি : জনাব শাহাবুদ্দিন আহমদ, সচিব (ভারপ্রাপ্ত)
সভার তারিখ : ২৫ মার্চ ২০১৮ খ্রি.
সভার সময় : বেলা ৩.০০ ঘটিকা
সভার স্থান : খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষ।

(সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক )

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার বেগম সালমা মমতাজ, যুগ্মসচিব সভার আলোচ্যসূচি উপস্থিত সদস্যবৃন্দের নিকট উপস্থাপন করেন। অতঃপর খাদ্য অধিদপ্তরে বাস্তবায়িত দুটি উদ্ভাবনী আইডিয়া সচিব মহোদয়ের জ্ঞাতার্থে সভায় উপস্থাপনের জন্য খাদ্য অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট জনাব মোঃ মঞ্জুর আলমকে অনুরোধ করেন। এরপর ইনোভেটর অফিসারগণকে তাদের আইডিয়াসমূহ একে একে উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। সভায় গৃহীত সুপারিশের আলোকে এবং বাস্তবায়ন অগ্রগতির ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

২. আলোচনা ও সিদ্ধান্ত

| বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক. খাদ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উদ্ভাবনী আইডিয়া | **১। প্রকৃত কৃষকদের নিকট হতে ধান সংগ্রহঃ**<br>খাদ্য অধিদপ্তরের পক্ষ হতে উদ্ভাবনী আইডিয়ার মাধ্যমে ধান সংগ্রহ কার্যক্রম প্রক্রিয়াটি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ আইডিয়াটির মাধ্যমে ধান রোপনের সময় কৃষিসম্প্রসারণ অধিদপ্তর থেকে প্রকৃত কৃষকদের তালিকা সংগ্রহ করা হয়। কৃষকদের নিয়ে উঠান বৈঠক করা হয়। বৈঠকে ধান সংগ্রহের বিনির্দেশ (Specification), ধান সংগ্রহের নির্দিষ্ট তারিখ, সংশ্লিষ্ট ব্যাংকের নাম এবং ধান গ্রহণ ও টাকা প্রদানের পদ্ধতি কৃষকদের অবহিত করা হয়। পটুয়াখালি জেলার কলাপাড়া উপজেলায় আইডিয়াটি পাইলট হিসেবে গ্রহণ করা হয়। সেখানকার জনগণ নিম্নরূপ সুবিধা পাচ্ছেন বলে সভাকে অবহিত করেন।<br>(১) প্রকৃত কৃষকদের নিকট হতে ধান সংগ্রহ করা হচ্ছে।<br>(২) মধ্যস্বত্ত ভোগীদের কোন ভূমিকা না থাকায় কৃষকরা ন্যায্যমূল্য পাচ্ছেন।<br>(৩) দ্রুত সেবা প্রদান করা হচ্ছে। | আইডিয়াটি সারাদেশের সকল জেলা ও উপজেলায় চালুর বিষয়ে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | **২। ব্যবসায়ীদের লাইসেন্সের আওতায় নিয়ে আসাঃ**<br><br>খাদ্য অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয় যে, খাদ্যশস্য ব্যবসায়ীরা লাইসেন্স গ্রহণে অনাগ্রহ ছিলেন, লাইসেন্স এর বিধিবিধান সম্পর্কে অসচেতন ছিলেন। লাইসেন্স করতে আসলেও লাইসেন্স প্রাপ্তির জন্য সময় ক্ষেপন হতো এবং অনেকসময় হয়রানি হতো। তাই ব্যবসায়ীদের লাইসেন্স গ্রহণে উদ্বুদ্ধকরণ ও বাস্তবায়নের জন্য আইডিয়াটি শুধু নীলফামারী জেলাতে পাইলট হিসেবে গ্রহণ করা হয়। আইডিয়াটি বাস্তবায়িত হওয়ায় সেখানকার ব্যবসায়ীরা কোন প্রকার হয়রানি ছাড়া দ্রুত লাইসেন্স পাচ্ছেন। এতে করে সরকারের রাজস্ব বৃদ্ধি পাচ্ছে। | আইডিয়াটি সারাদেশের সকল জেলা ও উপজেলায় চালুর বিষয়ে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |
| খ.নতুন উদ্ভাবনী আইডিয়া বিষয়ক আলোচনা। | **১। প্যাকেটজাতকরণের মাধ্যমে ওএমএস এর আটা বিক্রিঃ**<br>জনাব জাহাঙ্গীর আলম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা ওএমএস এর আটা খোলাভাবে বিক্রি না করে প্যাকেটজাতকরণের মাধ্যমে বিক্রির আইডিয়া সভায় উপস্থান করেন। তিনি জানান যে আইডিয়াটি বাংলাদেশ সচিবালয়ে পাইলট প্রকল্প হিসেবে গ্রহণ করা যেতে পারে। | প্রতি কেজি আটা প্যাকেজিং করার কারণে কত টাকা খরচ হবে, সেবাগ্রহীতারা প্যাকেজিং এর অতিরিক্ত চার্জের কারণে আটা কিনতে আগ্রহী হবে কিনা এ বিষয়ে সচিবালয় কর্মচারী সমিতির নের্তৃবৃন্দের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেয়ার জন্য এবং সর্বনিম্ন কত টাকায় ২ কেজি ও ৫ কেজি ওজনের প্যাকেট ক্রয় করা যাবে তা যাচাই করে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য জনাব জাহাঙ্গীর আলম, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকাকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। মন্ত্রণালয় ও অধিদপ্তরের ইনোভেশন টিম<br>২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা। |
| | ২। ওএমএস এর চাল/আটা বিক্রির স্বচ্ছতা আনয়নঃ<br><br>জনাব মোহাম্মদ ইসমাইল মিয়া, গবেষণা কর্মকর্তা, এফপিএমইউ খাদ্য মন্ত্রণালয়ের ওএমএস এর চাল/আটা বিক্রির স্বচ্ছতা আনায়নের জন্য অ্যাপস তৈরি সংক্রান্ত আইডিয়াটি উপস্থাপন করেন। সভায় উপস্থিত আইটি প্রতিষ্ঠান সফট বিডি কোম্পানির পরিচালক জনাব তানভীর সভাকে জানান যে একটি ড্যাশেবোর্ডের মাধ্যমে ওএমএস ট্রাকের অবস্থানসহ সকাল ১১ টায় এবং বেলা ৩.৩০ মিঃ দুইবার বিক্রির ছবি প্রেরণের মাধ্যমে ওএমএস কার্যক্রম মনিটরিং করা যাবে। | ওএমএস, খাদ্যবান্ধব কর্মসূচি মনিটরিং এর লক্ষ্যে অ্যাপসটি খুবই সহায়ক হবে বিধায় এ আইডিয়াটি দ্রুত বাস্তবায়নের উদ্যোগ নিতে সংশ্লিষ্ট কর্মকর্তা ও অ্যাপস তৈরির কোম্পানিকে প্রকৃত খরচের পরিমাণ নির্ধারণকরতঃ কার্যাদেশ দেয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়। | ১। ইনোভেশন টিম<br>২। জনাব মোঃ ইসমাইল মিয়া, গবেষণা কর্মকর্তা, এফপিএমইউ।<br>৩। সফট বিডি কোম্পানি। |

| | | | |
|---|---|---|---|
| | ৩। নিরাপদ পথ খাবার চালুঃ<br>ড. মোঃ খালেদ হোসেন, সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ নিরাপদ পথ খাবার চালুর উদ্ভাবনী আইডিয়া সভায় উপস্থাপন করেন। | পাইলট বেসিসে প্রথমে খাদ্য প্রস্তুত ও বিক্রির কাজে সংশ্লিষ্ট এমন ১০ জনকে নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান ও ঋণের মাধ্যমে ভ্যানসহ আনুষঙ্গিক জিনিসপত্র সরবরাহক্রমে পরীক্ষামূলকভাবে সচিবালয় গেইটে, বেইলে রোডে খাদ্যদ্রব্য বিক্রির জন্য নিয়োগ দেয়া যেতে পারে। এতদ্ব্যতিত সচিবালয়ের অভ্যন্তরীণ ক্যান্টিনসমূহে নিরাপদ খাবার প্রস্তুত , সরবরাহ উপযোগী করণের দ্রুত ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| | ৪। প্রকৃত কৃষকদের নিকট হতে গম সংগ্রহঃ<br>খাদ্য অধিদপ্তরের পক্ষ হতে উদ্ভাবনী আইডিয়ার মাধ্যমে গম সংগ্রহ কার্যক্রম প্রক্রিয়াটি সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ আইডিয়াটির মাধ্যমে গম রোপনের সময় কৃষিসম্প্রসারণ অধিদপ্তর থেকে প্রকৃত কৃষকদের তালিকা সংগ্রহ করা হবে। কৃষকদের নিয়ে উঠান বৈঠক করা হবে। বৈঠকে গম সংগ্রহের বিনির্দেশ (Specification), গম সংগ্রহের নির্দিষ্ট তারিখ, সংশ্লিষ্ট ব্যাংকের নাম এবং গম গ্রহণ ও টাকা প্রদানের পদ্ধতি কৃষকদের অবহিত করা হবে। বগুড়া জেলার সদর উপজেলায় আইডিয়াটি পাইলট হিসেবে গ্রহণ করা হবে। | প্রকৃত কৃষকদের নিকট হতে গম সংগ্রহের লক্ষ্যে এই প্রক্রিয়া চালুকরণের জন্য পাইলট ভিত্তিতে বগুড়া সদর উপজেলায় এ কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর<br><br>২। জনাব মোঃ মনিরুল হক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া সদর। |
| | ৫। গার্মেন্টস/জুটমিলে ওএমএসএর আটা বিক্রিঃ<br>জনাব মোঃ জামাল হোসেন, আখানি, ঢাকার করিম জুটমিলে ওএমএসএর আটা বিক্রি সংক্রান্ত উদ্ভাবনী আইডিয়া সভায় উপস্থাপন করেন। | আইডিয়াটি আরো পর্যালোচনা করে পরবর্তীতে উপস্থাপন করার জন্য পরামর্শ দেয়া হয়। | ১। মন্ত্রণালয় ও অধিদপ্তরের ইনোভেশন টিম<br>২। জনাব মোঃ জামাল হোসেন, আখানি, ঢাকা। |

| | | | |
|---|---|---|---|
| | **৬। খাদ্যগুদাম থেকে খাদ্যশস্য প্রদান প্রক্রিয়া ডিজিটালাইজেশনঃ**<br>জনাব মোঃ আমিনুল এহসান, উপ পরিচালক, খাদ্য অধিদপ্তর খাদ্যগুদাম থেকে খাদ্যশস্য প্রদান প্রক্রিয়াটি ডিজিটালাইজেশন করণের আইডিয়াটি সভায় উপস্থাপন করেন। | আইডিয়াটি যাচাই করে বিষয়টি পুনঃ উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়। | জনাব মোঃ আমিনুল এ[illegible]সান, উপপরিচালক, খাদ্য অধিদপ্তর |
| | **৭। গৃহ নির্মাণ অগ্রিম সহজীকরণঃ**<br>জনাব মোঃ মোবারক হোসেন, প্রোগ্রামার খাদ্য মন্ত্রণালয় গৃহ নির্মাণ অগ্রিম সহজীকরণ সংক্রান্ত আইডিয়া সভায় উপস্থাপন করেন। | আইডিয়াটি নীতিমালার সাথে সাংঘর্ষিক বিধায় অনুমোদন করা হয়নি। | - |
| | **৮। মিলারদের তালিকার ডাটাবেজ তৈরি করণঃ**<br>জনাব সালমা মমতাজ, যুগ্মসচিব প্রতিটি উপজেলায় চাল সরবরাহকারী মিলারদের তালিকার ডাটাবেজ তৈরিকরণের আইডিয়াটি সভায় উপস্থাপন করেন এবং পাইলট হিসেবে নাটোরের বড়াইগ্রাম উপজেলার সকল মিলারদের তালিকার ডাটাবেজ তৈরি করা এবং ওয়েবসাইটে প্রদর্শন করার বিষয়টি সভায় উপস্থাপন করেন। | সকল জেলা উপজেলার মিলারদের তালিকা তৈরি করা আছে বিধায় এটি নতুন কোন উদ্ভাবনী নয় তাই সকল জেলা উপজেলার মিলারদের তালিকা জরুরিভিত্তিতে ওয়েবসাইটে প্রদর্শণের ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর |
| | **৯। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা বিভাজনের প্রক্রিয়া সহজীকরণঃ**<br>ড. অনিমা রাণী নাথ, যুগ্মসচিব, খাদ্য মন্ত্রণালয় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা বিভাজনের প্রক্রিয়া সহজীকরণের আইডিয়াটি সভায় উপস্থাপন করেন। | খাদ্য অধিদপ্তরের চলমান প্রক্রিয়া বাম পার্শ্বে এবং আইডিয়ার ভিত্তিতে বর্তমান কার্যক্রম কিরূপ হবে তা ডানপার্শ্বে লিপিবদ্ধ করতঃ তুলনামূলক বিবরণী পরবর্তী সভায় উপস্থাপনের জন্য আইডিয়া উপস্থাপনকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | ড. অনিমা রাণী নাথ, যুগ্মসচিব, খাদ্য মন্ত্রণালয়। |

৩. নতুন উদ্ভাবনী আইডিয়ার মধ্যে অনুচ্ছেদ ২ এর (খ) এ বর্ণিত ১,২,৩ ও ৪ নম্বর আইডিয়া বাস্তবায়নের লক্ষ্যে সভার সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে আগামী ২০ এপ্রিল, ২০১৮ এর মধ্যে পুর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে।

অত:পর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শাহাবুদ্দিন আহমদ)
সচিব (ভারপ্রাপ্ত)
খাদ্য মন্ত্রণালয়

## বাস্তবায়নের প্রক্রিয়া (Flow Chart)

**প্রসেস ম্যাপ**

ধান/গম রোপনের সময় কৃষি বিভাগ প্রকৃত কৃষকদের জাতীয় পরিচয়পত্র নম্বর, কৃষি উপকরণ কার্ড নম্বর, মোবাইল নম্বর ও ব্যাংক একাউন্ট নম্বর সহ ডাটাবেজ তৈরী করবে।

⬇

ডাটাবেজকৃত প্রকৃত কৃষকদের তালিকা কৃষি বিভাগ থেকে সংগ্রহ করে অত্র দপ্তরের ল্যাপটপ কম্পিউটারে সংরক্ষণ করা।

⬇

সংশ্লিষ্ট ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা ওয়েব পোর্টালে ডাটাবেজকৃত কৃষকদের তালিকা এবং ধান/গমের বিনির্দেশ সম্পর্কিত তথ্য প্রকাশ।

⬇

প্রজেক্টরের মাধ্যমে ধান ও গমের বিনির্দেশ, সংগ্রহ পদ্ধতি উঠান বৈঠকে কৃষকদের অবহিতকরণ।

⬇

ক্রয়কেন্দ্রে পর্যাপ্ত খালি বস্তা ও ফ্যানিং মেশিন/স্ট্যান্ড ফ্যান প্রস্তুত রাখা।

⬇

ডাটাবেজকৃত কৃষকদের মোবাইলে বিনির্দেশ সম্মত ধান/গম ক্রয়কেন্দ্রে আনয়নের তারিখ ও সময় জানানোর জন্য মোবাইলে যোগাযোগ করা।

⬇

ধান/গম সংগ্রহ করে ব্যাংক একাউন্টের অনুকূলে কৃষককে সংগ্রহ মূল্য পরিশোধ করা।

## বাস্তবায়নকারী টিমঃ

| | টিম লিডার | সদস্য-১ | সদস্য-২ | সদস্য-৩ | সদস্য-৪ |
|---|---|---|---|---|---|
| নাম | মোঃ মনিরুল হক | মোঃ আশরাফুল আরেফিন | মোঃ আব্দুল হামিদ | মোঃ কুদরত-ই-আযম সুমন | মোঃ আব্দুর রহিম |
| পদবী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ভারপ্রাপ্ত কর্মকর্তা | খাদ্য পরিদর্শক | সহকারী উপ-খাদ্য পরিদর্শক | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া সদর, বগুড়া। | বগুড়া সদর এলএসডি, বগুড়া। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া সদর, বগুড়া। | বগুড়া সদর এলএসডি, বগুড়া। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, বগুড়া সদর, বগুড়া। |
| মোবাইল নং | ০১৭৩০৩৮৮৫৮৬ | ০১৭৩০৩৮৮৫৮৯ | ০১৭৩০৩৮৮৫৮৭ | ০১৭৩০৩৮৮৫৯১ | ০১৭৩০৩৮৮৫৮৮ |

(মোঃ মনিরুল হক)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
বগুড়া সদর, বগুড়া।